

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

ভূমি মন্ত্রণালয়

শাখা নং-৩

“প্রজ্ঞাপন”

স্মারক নং-ভূঃমঃ/শা-৩/কর/১০০/৯২-১০৬(১০০০)

তারিখ : ১৬/০২/১৪০২বাং।

৩০/০৫/১৯৯৫ইং।

ভূমি উন্নয়ন করের হার ন্যায্যনুগ ও সরলীকরণ করার লক্ষ্যে এবং জনগণকে অধিকতর সুবিধা প্রদানের উদ্দেশ্যে সরকার ০৬/০৬/৯৪ইং তারিখে ভূঃমঃ/শা-৩/কর-১০০/৯২-৩৬৬ নম্বর স্মারকে জারীকৃত বিজ্ঞপ্তি বাতিলক্রমে Land Development Tax Ordinance, 1976 (১৯৯৩ সালে ২৯নং আইন দ্বারা সংশোধিত) অধ্যাদেশে প্রদত্ত ক্ষমতাবলে ভূমি উন্নয়ন করের হার পুনর্নির্ধারণ করা যাবে কৃষি ও অকৃষি জমির ভূমি উন্নয়ন করের হার পুনর্নির্ধারণের সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। জমির শ্রেণী বিন্যাস ও অবস্থানগত সুবিধা এবং প্রকৃত ব্যবহারের ভিত্তিতে নির্ধারিত ভূমি উন্নয়ন করের হার নিম্নরূপ হইবে :

১। (ক) কৃষি জমির ভূমি উন্নয়ন করের হার :

জমির পরিমাণ	ভূমি উন্নয়ন করের হার	
(ক) ৮.২৫ একর	ভূমি উন্নয়ন কর দিতে হইবে না।	
(খ) ৮.২৫ একরের উর্ধ্ব বা ১০.০০ একর পর্যন্ত	প্রতি শতাংশ ০.৫০ টাকা হারে।	
(গ) ১০.০০ একরের উর্ধ্ব	প্রতি শতাংশ ১.০০ টাকা হারে।	
২। (খ) অকৃষি জমির ভূমি উন্নয়ন করের হার	ব্যবহার অনুসারে এলাকাভুক্ত প্রতি শতাংশ অকৃষি জমির পুনঃ নির্ধারিত করের হার।	
	শিল্প/বাণিজ্যিক কাজে ব্যবহৃত জমির করের হার	আবাসিক অথবা অন্য কাজে ব্যবহৃত জমির করের হার
(ক) ঢাকা জেলার কোতয়ালী, মীরপুর, মোঃ পুর, সুত্রাপুর, লালবাগ, সবুজবাগ (সাবেক মতিঝিল), মেঘনা, গুলশান, ক্যান্টনমেন্ট, উত্তরা (সাবেক গুলশান), টংগী, কেরানীগঞ্জ থানা এলাকা।	টাকা ১২৫.০০ (একশত পঁচিশ) টাকা প্রতি শতাংশ।	টাকা ২২.০০ (বাইশ টাকা) প্রতি শতাংশ।
(খ) নারায়ণগঞ্জ জেলার বন্দর, ফতুল্লা, ও সিদ্ধিরগঞ্জ থানা এলাকা।	-এ-	-এ-
(গ) পাল্টা পুর জেলার জয়দেবপুর থানা এলাকা।	-এ-	-এ-
(ঘ) চট্টগ্রাম জেলার কোতয়ালী, পাটলাইশ, ডয়লমুবিং, সীতাকুণ্ড, বন্দর, হাটহাজারী, গাহাড়তলী ও রাপুলীয়া	-এ-	-এ-
(ঙ) খুলনা জেলার কোতয়ালী, দৌলতপুর, দিঘলিয়া (সাবেক দৌলতপুর) ও ফুলতলা থানা এলাকা	-এ-	-এ-
(চ) অন্য সকল জেলা সদরের পৌর এলাকা	২২.০০	৭.০০
(ছ) জেলা সদরের বাইরে অন্যান্য পৌর এলাকা	১৭.০০	৬.০০
(জ) পৌর এলাকা ঘোষিত হয় নাই এইরকম এলাকা	১৫.০০	৫.০০ (পাকা ভিটি)